

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১১৬৬

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ ইসলামের প্রথম যুগে স্ত্রী মিলনের পর বীর্যপাত না হলে, তবে স্ত্রী-দেহ যতটুকু স্পর্শ করতো, ততটুকু ধৌত করে তারপর সালাত আদায়ের জন্য ওয়ূ করা ফরয ছিল; গোসল করা ফরয ছিল না

ذَكَرُ الْبَيَّانِ بِأَنَّ الْفَرْضَ فِي أَوَّلِ الْإِسْلَامِ كَانَ عِنْدَ الْإِكْسَالِ غَسَلَ مَا مَسَّ الْمَرْأَةَ مِنْهُ ثُمَّ  
الْوُضُوءَ لِلصَّلَاةِ دُونَ الْإِغْتِسَالِ

আরবী

1166 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ هِشَامِ  
بْنِ عُرْوَةَ قَالَ: أَخْبَرَنِي أَبِي قَالَ: حَدَّثَنِي أَبُو أَيُّوبَ قَالَ: حَدَّثَنِي أَبِي بْنُ كَعْبٍ قَالَ: (قُلْتُ  
يَا رَسُولَ اللَّهِ الرَّجُلُ يَأْتِي الْمَرْأَةَ فَلَا يُنْزِلُ؟ قَالَ: (يَغْسِلُ مَا مَسَّ الْمَرْأَةَ مِنْهُ وَيَتَوَضَّأُ  
وَيَصَلِّي)

الراوي : أَبِي بْنُ كَعْبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1166 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১১৬৬. উবাই বিন কা'ব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কোন ব্যক্তি তার স্ত্রীর কাছে গমন করে, কিন্তু বীর্যপাত না হলে (তার বিধান কী, তাকে গোসল করতে হবে কী)?” জবাবে তিনি বলেন, “স্ত্রী-দেহ যতটুকু স্পর্শ করেছে, ততটুকু ধৌত করবে, তারপর ওয়ূ করে সালাত আদায় করবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১১৩; সহীহ বুখারী: ২৯৩; সুনান বাইহাকী: ১/১৬৪; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৩৫; মুসান্নাফ আব্দুর রায়যাক: ৯৫৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৯০; সহীহ মুসলিম: ৩৪৬; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৫৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১১৬৬।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90479>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন